রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৭-আইন/২০১৭।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "হোসিয়ারী" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল 'ক' ও তফসিল 'খ' তে বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, যথাক্রমে, উক্ত শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে ঘোষণা করিল, যথা :—


**মূল্য ঃ** টাকা ১২.০০

**তফসিল 'ক'**

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৪০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **দক্ষ :**<br>১। সিনিয়র বডি মেশিনম্যান<br>২। সিনিয়র ফিটার/মিস্ত্রী<br>৩। সিনিয়র কাটিংম্যান<br>৪। সিনিয়র ওভারলকম্যান<br>৫। সিনিয়র চেইনম্যান<br>৬। সিনিয়র নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৭। সিনিয়র ইস্ত্রিম্যান<br>৮। সিনিয়র ফ্লাটলকম্যান<br>৯। সিনিয়র দর্জিম্যান/দর্জি কাটিংম্যান<br>১০। সিনিয়র কলারম্যান/মোজাম্যান<br>১১। সিনিয়র হীট মেশিনম্যান<br>১২। সিনিয়র কোনিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫,৩০০/- | ২১২০/- | ৪০০/- | ২০০/- | ৮০২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫,৩০০/- | ১৮৫৫/- | ৪০০/- | ২০০/- | ৭৭৫৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | <u>**আধা-দক্ষ :**</u><br>১। জুনিয়র বডি মেশিনম্যান<br>২। জুনিয়র ক্যালেন্ডারম্যান<br>৩। জুনিয়র চেক মেন্ডিংম্যান<br>৪। জুনিয়র রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। জুনিয়রনেক কাটিংম্যান ও জুনিয়র আস্তিনম্যান<br>৬। জুনিয়র কাটিংম্যান<br>৭। জুনিয়র ওভারলকম্যান<br>৮। জুনিয়র চেইনম্যান<br>৯। জুনিয়র ফ্লাটলকম্যান<br>১০। জুনিয়র ইস্ত্রিম্যান<br>১১। জুনিয়র হীট মেশিনম্যান<br>১২। জুনিয়র কোনিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩,৭০০/- | ১৪৮০/- | ৪০০/- | ২০০/- | ৫৭৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩,৭০০/- | ১২৯৫/- | ৪০০/- | ২০০/- | ৫৫৯৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **অদক্ষ :**<br>১। সহকারী বডি মেশিনম্যান<br>২। সহকারী ক্যালেন্ডারম্যান<br>৩। সহকারী চেক মেন্ডিংম্যান<br>৪। সহকারী রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। সহকারী নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৬। সহকারী কাটিংম্যান<br>৭। সহকারী ওভারলকম্যান<br>৮। সহকারী চেইনম্যান<br>৯। সহকারী ফ্লাটলকম্যান<br>১০। সহকারী ইস্ত্রিম্যান<br>১১। সহকারী কোনিংম্যান<br>১২। সহকারী হীট মেশিনম্যান<br>১৩। সহকারী রিব কাটিংম্যান (হাতে)<br>১৪। সহকারী কান্দি সেলাইম্যান<br>১৫। সহকারী প্যাকার<br>১৬। সহকারী টিকেটম্যান<br>১৭। সহকারী হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩,০০০/- | ১২০০/- | ৪০০/- | ২০০/- | ৪৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩,০০০/- | ১০৫০/- | ৪০০/- | ২০০/- | ৪৬৫০/- |
| ৪। | শিক্ষানবিশ শ্রমিক | শিক্ষানবিশকালে একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৪০০০/-(চার হাজার) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

**তফসিল 'খ'**

| ক্রমিক নং | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি | **বাড়ী ভাড়া ভাতা** (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৪০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। হিসাব সহকারী<br>২। স্টোর কিপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৩০০/- | ২১২০/- | ৪০০/- | ২০০/- | ৮০২০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৩০০/- | ১৮৫৫/- | ৪০০/- | ২০০/- | ৭৭৫৫/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। স্টোর সহকারী<br>২। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। ড্রাইভার<br>৫। ক্যাশিয়ার<br>৬। সেলসম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩৭০০/- | ১৪৮০/- | ৪০০/- | ২০০/- | ৫৭৮০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩৭০০/- | ১২৯৫/- | ৪০০/- | ২০০/- | ৫৫৯৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। পিয়ন/দপ্তরী<br>২। দারোয়ান<br>৩। পাহারাদার<br>৪। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩০০০/- | ১২০০/- | ৪০০/- | ২০০/- | ৪৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩০০০/- | ১০৫০/- | ৪০০/- | ২০০/- | ৪৬৫০/- |
| ৪। | শিক্ষানবিশ কর্মচারী | শিক্ষানবিশকালে একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৪০০০/-(চার হাজার) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

**শর্তাবলি :**

১। উপরি-উক্ত তফসিল ‘ক’ ও তফসিল ‘খ’ অতঃপর তফসিল বলিয়া উল্লিখিত, তে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “হোসিয়ারী” শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর জন্য প্রযোজ্য হইবে।

২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ তফসিলে উল্লিখিত হার অনুযায়ী মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরি প্রাপ্ত হইবেন।

৩। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরি নিবন্ধনভুক্তকরতঃ মজুরি স্লিপ প্রদান করিতে হইবে।

৪। তফসিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারীর অতিরিক্ত কোনো পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তফসিলে উল্লিখিতভাবে যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে।

৫। তফসিলে উল্লিখিত মজুরি উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং কোনো কারণেই কোনো শ্রমিক বা কর্মচারীকে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতম মজুরি প্রদান করা যাইবে না। কোনো শ্রমিক বা কর্মচারী ইতোমধ্যে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে তাহার উক্ত মজুরি হ্রাস করা যাইবে না। তবে, নিয়োগকর্তা বা মালিক ইচ্ছা করিলে, স্ব উদ্যোগে এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক ও কর্মচারীগণকে তফসিলে উল্লিখিত মজুরি হার অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৬। উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত আছেন, সেই শ্রেণি বা গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া, তফসিলে উল্লিখিত মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক বা কর্মচারীকে কোনো কারণেই নিম্নশ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না।

৭। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি কোনো শ্রমিককে ফূরণভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরির হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণিভুক্ত শ্রমিকগণের জন্য তফসিলে যে নিম্নতম মজুরি নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতর মজুরি প্রাপ্ত না হন।

৮। কোন শ্রমিক কোনো ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদি গ্রহণের ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে, যে কোনো কারণেই হউক না কেন, তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত আইনের ধারা **১২১, ১৫০** ও **১৬১** এর বিধান মোতাবেক তাহাকে মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৯। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারিগণ কর্মরত প্রতিষ্ঠান হইতে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতাদি প্রাপ্ত হইতেছেন, তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১০। শ্রমিকগণের শিক্ষানবিশকাল হইবে ৩(তিন) মাস। তবে কোনো কারণে কাজের মান নির্ণয় করা সম্ভব না হইলে, কেবল দক্ষ শ্রমিকের ক্ষেত্রে, শিক্ষানবিশকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করা যাইবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট শ্রমিক সংশ্লিষ্ট পদে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

১১। কর্মচারীগণের শিক্ষানবিশকাল হইবে ৬(ছয়) মাস। শিক্ষানবিশকাল সন্তোষজনভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট কর্মচারী সংশ্লিষ্ট পদে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। শিক্ষানবিশ কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও তদধীন প্রণীত বিধিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১২। উপরি-উক্ত শর্তাবলির কোনো অংশ বিদ্যমান কোনো আইনের সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদির মেয়াদকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা জেরিন আহমেদ**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.